

অথবা

৪। “বান ... সহসা তাঁহাকে লইয়া গেল। কোনরকমে একটি প্রতিমার কাঠামো ধরিলেন। পরমুহূর্তে বানের তোড়ে প্রতিমার কাঠামো তাঁহাকে লইয়া খাড়া হইয়া দাঁড়াইল”। বলা বাহুল্য প্রতিমা-কাঠামোর এই আশ্রয়ও স্থায়ী হয়নি। এই আশ্রয়-প্রাপ্তি আর আশ্রয়-চ্যুতির মধ্যে মানুষটিকে তুমি কীভাবে আবিষ্কার কর, নিজের ভাষায় লেখো।

৫। ‘খালাস’ ও ‘তালাক’ বিতর্কে রাজিয়া ও মিলাতের ব্যক্তিজীবনে দীর্ঘ - সেই জীবনের নানা টানা-পোড়েন আখ্যান অবলম্বনে স্পষ্ট করো।

অথবা

৬। রাজিয়া জীবনে অনেক ঘাত-প্রতিঘাত পেরিয়ে কীভাবে ‘ফুলবউ’ হয়ে উঠল উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

৭। ‘খালাস’ ও ‘তালাক’ বিতর্কে রাজিয়া ও মিলাতের ব্যক্তিজীবন দীর্ঘ - সেই জীবনের নানা টানা-পোড়েন আখ্যান অবলম্বনে স্পষ্ট করো।

অথবা

৮। রাজিয়া জীবনে অনেক ঘাত-প্রতিঘাত পেরিয়ে কীভাবে ‘ফুলবউ’ হয়ে উঠল উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

৯। ‘খড়কুটো’ উপন্যাসে সকাল, দুপুর এবং সন্ধ্যার বিবরণ কীভাবে চরিত্রসমূহের ভাবপ্রকাশক হয়ে ওঠে সংক্ষেপে আলোচনা করো।

অথবা

১০। ‘খড়কুটো’ উপন্যাসের কাহিনিটি করুণ এবং বেদনাদায়ক। কিন্তু উপন্যাসের কথক অনাসক্ত এবং নির্লিপ্ত। এই মন্তব্যটির সঙ্গে তুমি কি সহমত হবে? যুক্তিসহ উত্তর দাও।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

( প্রথম বর্ষ, প্রথম সিমেস্টার )

বাংলা

কোর্স : পি জি ১.৫৬এ (ঐচ্ছিক)

আধুনিক বাংলা উপন্যাস

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান। ৩×১০=৩০

১। ‘পার্টি’র নির্দেশে যে সাগরী একদিন রথীকে ছেড়ে চলে যায়, তেভাগার সংগ্রামক্ষেত্র থেকে দিদিকে লেখা অস্তিম চিঠির শেষে রথীর নাম লিখেও কেটে দেয়, পুলিশের গুলিতে মৃত্যুর পর তারই ব্যাগ থেকে পাওয়া রথীর ছবির পেছনে উদ্ধৃত থাকে, “Everyday I love you twice I loved you before.”-এর ভেতর কি কোনো স্ববিরোধিতা আছে নাকি উপন্যাস জুড়ে সাগরী চরিত্রটিকে যেভাবে নির্মাণ করা হয়েছে তার পক্ষে এটাই ছিল সবচেয়ে স্বাভাবিক? তোমার মত জানাও।

অথবা

২। ‘পার্টি’র কাগজে তেভাগা আন্দোলনে ‘কৃষকদের অপূর্ব অভ্যুত্থানের’ যে সংবাদ প্রকাশিত হয় তার সঙ্গে আন্দোলনের অন্যতম সাক্ষী ফন্সুর অভিজ্ঞতা মেলে না। মন্তব্যটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

৩। কমলকুমার মজুমদারের ‘অস্তর্জলী যাত্রা’ উপন্যাসে লেখকের স্বাতন্ত্র্যচিহ্নিত শৈলীর পরাক্রমকে ভেদ করে এক স্পষ্ট জীবনবোধ নিবিড়ভাবে প্রকাশিত। এই জীবনবোধ সম্পর্কে তোমার পর্যবেক্ষণ লিপিবদ্ধ করো।